DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 10:50 PM

প্রযুক্তি

# অ্যাপলের বড় সিদ্ধান্ত, কম খরচে আইফোন ব্যবহারের নতুন সুযোগ!

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ০২ আগস্ট ২০২৬, ০৩:২৯ PM



আইফোন

ইলেকট্রনিক পণ্যের দাম বাড়ায় গ্রাহকদের সুবিধার জন্য লিজ বা দীর্ঘমেয়াদী ভাড়ার কর্মসূচি চালু করেছে অ্যাপল। এখন থেকে গ্রাহকেরা বড় অংকের টাকা খরচ করে আইফোন বা ম্যাক কেনার পরিবর্তে নির্দিষ্ট মেয়াদে ভাড়া নিয়ে ব্যবহার করতে পারবেন। এই কর্মসূচির আওতায় ইলেকট্রনিক ডিভাইসগুলো সাধারণ মানুষের জন্য আরো সাশ্রয়ী হবে বলে মনে করছে প্রতিষ্ঠানটি।

এখন আর আইফোন বা ম্যাক কিনতে বড় অংকের টাকা খরচ করতে হবে না। নির্দিষ্ট সময়ের জন্য বিশেষ চুক্তিতে ভাড়া নিয়ে ব্যবহার করা যাবে অ্যাপলের বিভিন্ন ডিভাইস।

সিএনএনের একটি প্রতিবেদনে এমন তথ্য জানানো হয়েছে। প্রতিবেদনে বলা হয়, ইলেকট্রনিক্স পণ্যের বাড়তে থাকা দামের মধ্যে গ্রাহকদের সুবিধা দিতে নতুন অ্যাপল আপগ্রেড লিজ কর্মসূচি চালু করেছে প্রযুক্তি জায়ান্ট অ্যাপল।

শুরুতে যুক্তরাষ্ট্রের অ্যাপল স্টোর, অনলাইন স্টোর ও অ্যাপল স্টোর অ্যাপে এই সেবা পাওয়া যাবে। নতুন এই কর্মসূচি অনুযায়ী আইফোন ও অ্যাপল ওয়াচ ১২ বা ২৪ মাসের জন্য লিজ নেওয়া যাবে। এছাড়া ম্যাক ও আইপ্যাড ২৪ বা ৩৬ মাসের জন্য ভাড়া নেওয়া যাবে; যেখানে আইফোন লিজের মাসিক কিস্তি শুরু হবে ১৭.৯৯ ডলার থেকে।

এই সুবিধার আওতায় থাকছে আইফোন ১৭ সিরিজ, আইফোন এয়ার, অ্যাপল ওয়াচ সিরিজ ১১, অ্যাপল ওয়াচ আল্ট্রা ৩, ম্যাক এবং আইপ্যাড এয়ারসহ আইপ্যাডের বিভিন্ন সিরিজ। তবে কম দামের পণ্য যেমন আইফোন ১৬, ম্যাকবুক নিউ ও অ্যাপল ওয়াচ এসই এই তালিকায় নেই।

তাছাড়া চিপ সংকট ও উৎপাদন খরচ বাড়ার কারণে ভবিষ্যতে আইফোনের দাম ১,০০০ বা ১,২০০ ডলারের পরিবর্তে ১,৫০০ ডলারে বিক্রির কথা ভাবছে প্রতিষ্ঠানটি। এমন পরিস্থিতিতে অ্যাপলের এই লিজ পরিকল্পনা গ্রাহকদের জন্য একটি সাশ্রয়ী বিকল্প হতে পারে বলে জানিয়েছে প্রতিবেদনটি। সূত্র: নিউ ইয়ার্ক টাইমস

---


## এ বিভাগের আরও খবর



ফেসবুক-ইনস্টাগ্রামের সাড়ে ৭ লাখ কিশোর-কিশোরীর অ্যাকাউন্ট বন্ধ করল মেটা

অস্ট্রেলিয়ায় ১৬ বছরের কম বয়সী কিশোর-কিশোরীদের সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে নিষেধাজ্ঞা কার্যকর হওয়ার পর ৭ লাখ ৫৬ হাজারের বেশি সন্দেহভাজন অ...



৭৫ বছর পর পূর্ণ সূর্যগ্রহণ, ৬ মিনিটের অন্ধকারে ঢাকবে সৌদি

২০২৭ সালের ২ আগস্ট সৌদি আরবের আকাশে ঘটতে যাচ্ছে এক বিরল জ্যোতির্বৈজ্ঞানিক ঘটনা। সেদিন প্রায় ছয় মিনিটের জন্য দিনের আলো বদলে যাবে রাতের অন্ধকা...



**সাইবার নিরাপত্তার নতুন নিয়ম স্থগিত করল পেন্টাগন**

যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর (পেন্টাগন) প্রতিরক্ষা খাতে কাজ করা ঠিকাদার প্রতিষ্ঠানের জন্য সাইবার নিরাপত্তার একটি নতুন নিয়ম সাময়িকভাবে স...




**বিপিএলে সাকিবের বিধ্বংসী ব্যাটিংয়ে জয় পেল রংপুর রাইডার্স**

অলরাউন্ড নৈপুণ্যে প্রতিপক্ষকে কুপোকাত করে পয়েন্ট টেবিলের শীর্ষে অবস্থান।

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/technology/ojapler-br-siddhant-km-khrche-aifon-bjbharer-ntun-sujog